

## শ্রীশ্রীহরি সঙ্গীত

৪৭

৫। মহানন্দের এই মিনতি, করব আমরা হরিপতি।  
অশ্বিনী তোর কি দুর্গতি, ভজলি না গুরুর চরণ।।

### ৬২ নং তাল-রাগেটি

করবে মন মানুষ বর্ষ নিত্য মানুষের সাধনা।

অনুমান কায়া শূন্য ছায়ার কেন কর ভাবনা।।

১। গুরুরূপদে সঁপে দাওরে মন (হারে) যুচবেরে তোর মনের  
আঁধার জুড়াবে জীবন।

কর বর্ষমান ভজন পূজন, পূবরে তোর মনের বাসনা।।

২। রামের ভক্ত ছিল হনুমান, বনের পশু হয়ে পেল ভজনের সন্ধান।  
হনু রামপদে সঁপে দিয়ে প্রাণ, অন্যরূপ চক্ষে হেরে না।।

৩। যুচবেরে তোর দশ ইন্দ্রিয়ের জাঁক, গুরুরূপদে মন মজায়ে  
বাঁধ অনুরাগ।

যার লেগেছে সেই প্রেমের দাগ নয়ন দেখলে যায় গো চেনা।।

৪। যাগযজ্ঞ পূজা মন্ত্র ধ্যান ভাবটি দিয়া নামটি চেতাও,  
এত কর কেন।

গুরুরূপদে মেঘ সাজায়ে চাতক হয়ে চেয়ে থাকনা।।

৫। দয়াল মহানন্দ আনন্দ হৃদয়, ডেকে বলে অশ্বিনী তোর  
সময় বয়ে যায়।

এবার তারকচাঁদকে করে সহায় গুরুরূপদে হওগে কেনা।।

### ৬৩ নং তাল-রাগেটি

দয়া করি দয়াল \*গুরু রেখ আমায় সেবা দাসী।

আমার আর কোন ধন নাই দরদী, কি দিয়া করিব খুশী।।

১। আমি তব দাসীর যোগ্য নই (হারে) তবু পোড়া মনে বলে  
সেবা দাসী হই।।